

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০২

২৫ মাঘ ১৪২৪
তারিখ : -----
০৭ ফেব্রুয়ারী ২০১৮

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০১৮ প্রসঙ্গে।

ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০১৮ (২০১৮ সনের ০৪ নং আইন) ২৮ জানুয়ারী ২০১৮ তারিখে কার্যকর হয়েছে এবং একই তারিখের বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উক্ত আইনের ধারাবলে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৩, ধারা ৭, ধারা ৮, ধারা ১৫, ধারা ১৫কক, ধারা ১০৯ এবং ধারা ১১৮-এর বিধানসমূহে কিছু পরিবর্তন সাধিত হয়েছে। পরিবর্তিত বিধানসমূহের নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালন নিশ্চিত করণার্থে ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০১৮ এর গেজেট কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। এছাড়া, আপনাদের পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০১৮ অবগতির লক্ষ্যে উপস্থাপনের জন্যও পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তঃ ০১ (এক)।

(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৮, ২০১৮

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৫ মাঘ, ১৪২৪/২৮ জানুয়ারি, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৫ মাঘ, ১৪২৪ মোতাবেক ২৮ জানুয়ারি, ২০১৮ তারিখে
রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য
প্রকাশ করা যাইতেছে :—

২০১৮ সনের ০৪ নং আইন

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১
সনের ১৪ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—এই আইন ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০১৮
নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৩ এর সংশোধন।—ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১
(১৯৯১ সনের ১৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (৩) এ
উল্লিখিত “উপ-ধারা (১) এর” শব্দগুলি ও বন্ধনীগুলি বিলুপ্ত হইবে।

৩। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৭ এর উপ-ধারা
(৩) এ উল্লিখিত “এই আইনের” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৪। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৮ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৮ এর
শর্তাংশের দফা (ক) তে উল্লিখিত “ধারা ২৬ (১)” শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে “ধারা
২৬” শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

(৯২৯)

মূল্য : টাকা ৪.০০

৫। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১৫ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৫ এর—

- (ক) উপ-ধারা (৪) এ উল্লিখিত “প্রধান নির্বাহী কর্মকর্তা” শব্দগুলির পর “নির্বাচন বা, ক্ষেত্রমত, মনোনয়নের পর” শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (খ) উপ-ধারা (১০) এ উল্লিখিত “দুইজনের” শব্দটির পরিবর্তে “চারজনের” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৬। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১৫কক এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৫কক এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৫কক প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১৫কক। পরিচালক পদের মেয়াদ, ইত্যাদি।—(১) আপাতত বলবৎ অন্য কোনো আইন অথবা কোনো ব্যাংক-কোম্পানীর সংঘস্মারক ও সংঘবিধিতে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০১৭ কার্যকর হইবার পর কোনো ব্যক্তি কোনো ব্যাংক-কোম্পানীর পরিচালক পদে একাদিক্রমে ৯ (নয়) বৎসরের অধিক অধিষ্ঠিত থাকিতে পারিবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন একাদিক্রমে ৯ (নয়) বৎসর কোনো ব্যাংক-কোম্পানীর পরিচালক পদে অধিষ্ঠিত থাকিলে উক্ত মেয়াদ শেষ হইবার পর ৩ (তিন) বৎসর অতিবাহিত না হওয়া পর্যন্ত তিনি উক্ত ব্যাংক-কোম্পানীর পরিচালক পদে পুনঃনিযুক্ত হইবার যোগ্য হইবেন না।

ব্যাখ্যা।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, কোনো ব্যক্তি পরিচালক পদে ৩ (তিন) বৎসরের চাইতে কম সময় অধিষ্ঠিত না থাকিলে একাদিক্রমে ৯ (নয়) বৎসর গণনার ক্ষেত্রে উক্ত সময়ও অন্তর্ভুক্ত হইবে।”।

৭। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১০৯ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১০৯ এর উপ-ধারা (১১) তে উল্লিখিত “এই আইনের” শব্দগুলি বিলুপ্ত হইবে এবং “ধারা ২৬ এর উপ-ধারা (৪)” শব্দ, সংখ্যা ও বন্ধনীগুলির পরিবর্তে “ধারা ২৬ক এর উপ-ধারা (৩)” শব্দ, সংখ্যা ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১১৮ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১১৮ এর প্রথমোক্ত “এই আইনের” শব্দগুলি বিলুপ্ত হইবে।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব।